# খাতুনে জান্নাত ফাতেমা (রাঃ) মহিলা দাখিল মাদ্রাসা

**স্থাপিতঃ ১৯৯৪ইং, মাদরাসার কোড- ১৯৬২৫, EIIN নং- ১০৩৬৬৭**

**চরকুমিরা, নয়াহাট, ফরিদগঞ্জ, চাঁদপুর।**

“মাসজিদ আল্লাহর ঘর, মাদরাসা আমার ঘর" (আল হাদিস)

আসসালামু আলাইকুম রহমাতুল্লাহ্,

শতবছরের ঐতিহ্যবাহী চরকুমিরা "বটতলা” এলাকাবাসীর ইসলাম প্রচার প্রসার দোয়া মাহফিল ও বার্ষিক মিলনমেলার ঐতিহাসিক স্থান। প্রথম মুক্তব, পরবর্তীতে এবতেদায়ী মাদরাসা এবং ১৯৯৪ ইং সন থেকে খাতুনে জান্নাত ফাতেমা (রা:) মহিলা দাখিল মাদ্রাসা প্রতিষ্ঠার মাধ্যমে এলাকায় নারী শিক্ষার দ্বার উন্মেচিত হয়েছে। এলাকার কিছু ধর্মপ্রান শিক্ষানুরাগী ব্যক্তি বর্গের আন্তরিকতার ফলল এই মাদ্রাসা। যা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯৮ ইং সনে প্রাথমিক অনুমতি এবং ২০০৩ ইং সনে স্বীকৃতি লাভ করে। ১৯৯৯ ইং হইতে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল পাবলিক পরিক্ষায় অংশগ্রহন করে আসছে। বিভিন্ন সময় অত্র প্রতিষ্ঠানটি উপজেলার মধ্যে ফলাফলে বেশ কয়েক বার শ্রেষ্ঠত্ব অর্জন করেছে। শত প্রতিকূলকার মাঝে ও মাদরাসাটি সক্রিয়তা বজায় রেখেছিল। দীর্ঘ বৎসরের এই প্রতিষ্ঠানটি সরকারী এম পি ও না পাওয়ায় শিক্ষক কর্মচারীদের মানবেতর জীবন যাপন ও একাডেমিক ভবন এর অভাবে মাদরাসাটির পাঠদান সাময়িক বন্ধ হয়ে যায়। পরবর্তীতে এলাকার উদিয়মান তরুন সমাজের আন্তরিক প্রচেষ্ঠায় এলাকার ধর্মপ্রান জনগনের সার্বিক সহোযগিতায় মাদরাসাটি পুনরায় চালু করা হয়েছে। এবং ২০১৮/১৯ শিক্ষাবর্ষের পাঠদান কায্যক্রম চালিয়ে যাচ্ছে। আপনারা জেনে খুশি হবেন যে, অত্র মাদরাসা থেকে প্রতি বৎসরই মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষা দিতে যাচ্ছে ইবতেদায়ী ৫ম ও দাখিল ৮ম শ্রেনীর শিক্ষার্থীরা। আপনারা জেনে আরো খুশি হবেন যে, ইতি মধ্যে

সাসময়ের এলাকার বিশিষ্ট ব্যাক্তিবর্গের আর্থিক সার্বিক সহযোগিতায় ৬ রুম বিশিষ্ট একটি একতলা ভবন নির্মিত হয়েছে। যার মধ্যে বর্তমানে সুষ্ঠভাবে পাঠদান চলছে। আরো খুশির খবর হচ্ছে - বর্তমান মাদরাসা পরিচালনা পর্বদ ও বিশিষ্ট্য ব্যক্তি বর্গের আন্তরিক প্রচেষ্ঠায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে ১৮/১৯ অর্থবৎসরের একটি ভবনের অনুদান ইতিমধ্যে বরাদ্ধ হয়েছে এবং ১ তিন রুম সহ ১ তালা কাজ সম্পন্ন হয়েছে।

মাদরাসার চলিত হিসাব নম্বর- ০১০০১৪১৫৬৭৩১৯, জনতা ব্যাংক লিমিটেড, ফরিদগঞ্জ শাখা।